

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ পরিষদ

পরিষদ প্রতিষ্ঠা: ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর উদ্দেশ্য পূরণকল্পে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ পরিষদ নামে একটি পরিষদ থাকিবে, যাহা নিম্নরূপ সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথাঃ-----

- (১) বাণিজ্য মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী, যিনি ইহার চেয়ারম্যানও হইবেন;
- (২) বাণিজ্য মন্ত্রণালয়ের সচিব, পদাধিকারবলে;
- (৩) জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর এর মহাপরিচালক, পদাধিকারবলে;
- (৪) বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইনস্টিটিউট এর মহাপরিচালক, পদাধিকারবলে;
- (৫) শিল্প মন্ত্রণালয়ের অন্যান্য যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;
- (৬) কৃষি মন্ত্রণালয়ের অন্যান্য যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;
- (৭) মৎস্য ও পশুসম্পদ মন্ত্রণালয়ের অন্যান্য যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;
- (৮) খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের অন্যান্য যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;
- (৯) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অন্যান্য যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;
- (১০) জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের অন্যান্য যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;
- (১১) আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের অন্যান্য যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;
- (১২) জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান, পদাধিকারবলে;
- (১৩) পুলিশের অতিরিক্ত মহাপরিদর্শক পদমর্যাদার একজন কর্মকর্তা;
- (১৪) ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এর সভাপতি, পদাধিকারবলে;
- (১৫) ঔষধ শিল্প সমিতির সভাপতি, পদাধিকারবলে;
- (১৬) কনজুমার্স এসোসিয়েশন অব বাংলাদেশ এর সভাপতি, পদাধিকারবলে;
- (১৭) জাতীয় প্রেসক্লাবের সভাপতি, পদাধিকারবলে;
- (১৮) ঔষধ প্রশাসন অধিদপ্তর এর পরিচালক, পদাধিকারবলে;
- (১৯) সরকার কর্তৃক মনোনীত তিনজন বিশিষ্ট নাগরিক;
- (২০) সরকার কর্তৃক মনোনীত বাজার অর্থনীতি, ব্যবসা, শিল্প ও জনপ্রশাসনে অভিজ্ঞতা সম্পন্ন অন্যান্য দুইজন মহিলা সদস্য সমন্বয়ে চারজন সদস্য;
- (২১) সরকার কর্তৃক মনোনীত একজন শিক্ষক প্রতিনিধি;
- (২২) সরকার কর্তৃক মনোনীত একজন শ্রমিক প্রতিনিধি;
- (২৩) সরকার কর্তৃক মনোনীত একজন কৃষক প্রতিনিধি; এবং
- (২৪) মহাপরিচালক, যিনি উহার সচিবও হইবেন।